৩ বাংলা

পাঠ ১৭

# রাষ্ট্রভাষা বাংলা চাই




## পাঠের মূলকথা

পাকিস্তানি শাসকরা উর্দুকে রাষ্ট্রভাষা করতে চাইলে বাঙালিরা প্রতিবাদ করে। তারা বাংলা ভাষাকে রাষ্ট্রভাষা করার দাবি তোলে। পাকিস্তানি শাসকরা তা মেনে নেয় না। বাঙালিরা ভাষার দাবিতে আন্দোলন শুরু করে। ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি ছাত্র-ছাত্রীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে একত্র হয়ে 'অ আ ক খ', 'রাষ্ট্রভাষা বাংলা চাই' লেখা পোস্টার নিয়ে মিছিল করে। মিছিলে ছাত্রীদের দলটি প্রথমে এগিয়ে যায়। তাদের পেছনে অন্যরাও দলে দলে এগিয়ে যেতে থাকে। মিছিলে মুষ্টিবদ্ধ হাতে তারা 'রাষ্ট্রভাষা বাংলা চাই' বলে স্লোগান দেয়। সেই মিছিলে পাকিস্তানি পুলিশ গুলি চালায়। গুলিবিদ্ধ হয়ে রাজপথে লুটিয়ে পড়েন বরকত, রফিক, সালাম, জব্বার। তাদের সঙ্গে নাম না-জানা অনেকে শহিদ হন। এই ঘটনার প্রতিবাদে সারা দেশের মানুষ ক্ষোভে ফেটে পড়ে। পরের দিনও পুলিশ মিছিল ও সমাবেশে গুলি চালায়। এতেও কয়েকজন শহিদ হন। শেষ পর্যন্ত পাকিস্তান সরকার বাঙালির ন্যায্য দাবি মেনে নিতে বাধ্য হয় এবং উর্দুর পাশাপাশি বাংলা ভাষাকেও রাষ্ট্রভাষা হিসেবে ঘোষণা করে। বাঙালির রক্তে কেনা মাতৃভাষার প্রতি শ্রদ্ধা জানিয়ে এখন সারা পৃথিবীতে একুশে ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' হিসেবে পালিত হয়।

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব—

- ১.১ প্রমিত উচ্চারণে বলা বাক্য ও শব্দে ব্যবহৃত বর্ণ, যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
- ৫.১ বিভিন্ন ধরনের শব্দে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলাযুক্ত বর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে প্রমিত উচ্চারণে বলতে পারা।
- ৫.২ যুক্তবর্ণ ও ফলাযোগে গঠিত শব্দ ও বিভিন্ন ধরনের বাংলা বাক্য প্রমিত উচ্চারণে বলতে পারা।
- ৯.১ যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ স্পষ্ট স্বরে শুদ্ধ ও প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- ১১.১ চিত্র ও ছক সংবলিত বর্ণনা, তথ্যমূলক রচনা, প্রতিবেদনমূলক রচনা পড়ে বিষয় বুঝতে পারা।
- ১৩.১ পাঠে ব্যবহৃত যুক্তবর্ণ, ফলা, ফলাযুক্ত বর্ণে গঠিত শব্দ এবং বিরামচিহ্ন (দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক) সহযোগে বিভিন্ন ধরনের বাক্য এবং শ্রুতলিপি স্পষ্ট ও সঠিক বানানে লিখতে পারা।

## পিরিয়ড সংখ্যা : ৬ | পিরিয়ড বিভাজন :

| | |
|---|---|
| পিরিয়ড-৭৮ | তখন ছিল .......... আন্দোলন। |
| পিরিয়ড-৭৯ | ১৯৫২ ........... বাংলা চাই। |
| পিরিয়ড-৮০ | পাকিস্তান থেকে........... সিদ্ধান্ত নিল। |
| পিরিয়ড-৮১ | মিছিলের.............. লাল হয়ে গেল। |
| পিরিয়ড-৮২ | এই ঘটনার ......... কয়েকজন। |
| পিরিয়ড-৮৩ | শেষ পর্যন্ত ........... করা হয়। |

[সূত্র : শিক্ষক সহায়িকা]

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই—

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| শাসন | রাষ্ট্রভাষা | ন্যায্য | আন্দোলন | ফেব্রুয়ারি | বিশ্ববিদ্যালয় | পোস্টার | বাঙালি | সিদ্ধান্ত | মুষ্টিবদ্ধ |
| স্লোগান | রক্ত | প্রতিবাদ | ক্ষোভ | শহিদ | আক্রমণ | ঘোষণা | আন্তর্জাতিক | | |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

প্রিয় শিক্ষার্থী বন্ধুরা, শিখনযোগ্যতা অর্জনোপযোগী পাঠ্যবইয়ের অ্যাক্টিভিটি ও গুরুত্বপূর্ণ নমুনা প্রশ্নোত্তর এ অংশে দেওয়া হলো। শিক্ষক সহায়িকায় উল্লিখিত মূল্যায়ন ক্ষেত্র ও নির্দেশনার আলোকে প্রণীত পাঠগুলো তোমাদের ধারাবাহিক মূল্যায়নে সহায়ক ভূমিকা পালন করবে।

## পাঠ্যবইয়ের অনুশীলনীর প্রশ্ন ও উত্তর ২ চলো, পারি কি না দেখি

### ১ শব্দ শিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

শাসন, ক্ষোভ, পোস্টার, স্লোগান, রাজপথ, একত্র, মিছিল, সমাবেশ, আক্রমণ।

**উত্তর :**

শাসন — দেশ পরিচালনা।
ক্ষোভ — অসন্তোষ।
পোস্টার — বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি।
স্লোগান — দাবি আদায়ের জন্য উঁচু গলায় আওয়াজ।
রাজপথ — বড়ো রাস্তা।
একত্র — একসাথে।
মিছিল — শোভাযাত্রা।
সমাবেশ — একত্র অবস্থান।
আক্রমণ — হামলা।

### ২ যুক্তবর্ণ ভেঙে লিখি। শব্দ বলি ও লিখি ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

| | | | |
|---|---|---|---|
| পাকিস্তান | স্ত | স + ত | সস্তা |
| পোস্টার | স্ট | স + ট | স্টেশন |
| পরিকল্পনা | ল্প | ল + প | গল্প |



### ৩ বাক্য বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৩

রাষ্ট্রভাষা ..........
মিছিল ..........
পোস্টার ..........
সমাবেশ ..........

**উত্তর :**

রাষ্ট্রভাষা — আমাদের রাষ্ট্রভাষা বাংলা।
মিছিল — ছাত্র-ছাত্রীরা মিছিল নিয়ে সামনে এগিয়ে চলল।
পোস্টার — ছাত্র-ছাত্রীরা অনেক রাত পর্যন্ত পোস্টার লিখেছিল।
সমাবেশ — সমাবেশে অনেক লোক এসেছিল।

### ৪ উত্তর বলি ও লিখি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৪

**প্রশ্ন ক. রাষ্ট্রভাষা উর্দু করতে চাইল কারা?**

**উত্তর :** পাকিস্তানি শাসকরা রাষ্ট্রভাষা উর্দু করতে চাইল।

**প্রশ্ন খ. দেশের বেশির ভাগ মানুষ কোন ভাষায় কথা বলত?**

**উত্তর :** দেশের বেশির ভাগ মানুষ বাংলা ভাষায় কথা বলত।

**প্রশ্ন গ. রাষ্ট্রভাষা বাংলার দাবি কারা করেছিল?**

**উত্তর :** বাঙালিরাই রাষ্ট্রভাষা বাংলার দাবি করেছিল।

**প্রশ্ন ঘ. পোস্টারে কী লেখা ছিল?**

**উত্তর :** পোস্টারে লেখা ছিল— অ আ ক খ, রাষ্ট্রভাষা বাংলা চাই।

**প্রশ্ন ঙ. আন্তর্জাতিক মাতৃভাষা দিবস কত তারিখে পালিত হয়?**

**উত্তর :** প্রতি বছর ফেব্রুয়ারি মাসের একুশ তারিখে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়।

### ৫ নিচের শব্দ বসিয়ে খালি জায়গা পূরণ করি। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৪

সমাবেশ, রাষ্ট্রভাষা, লাল, মুষ্টিবদ্ধ।


ক. বাংলাকে ——— করতে হবে।
খ. ——— হাতে তারা স্লোগান তুলল।
গ. পরের দিনও মানুষ ——— করল।
ঘ. কালো রাজপথ রক্তে ——— হয়ে গেল।

**উত্তর :**

ক. বাংলাকে **রাষ্ট্রভাষা** করতে হবে।
খ. **মুষ্টিবদ্ধ** হাতে তারা স্লোগান তুলল।
গ. পরের দিনও মানুষ **সমাবেশ** করল।
ঘ. কালো রাজপথ রক্তে **লাল** হয়ে গেল।

### ৬ বুঝে নেই। ▸ পাঠ্যবই, পৃষ্ঠা ৫৪

রাষ্ট্রভাষা — কোনো দেশের সরকার স্বীকৃত ভাষা।
পরিকল্পনা — ভবিষ্যৎ কাজের অগ্রিম চিন্তা।
শহিদ — ন্যায়সঙ্গত অধিকার প্রতিষ্ঠার জন্য যাঁরা জীবন দেন।



## শিক্ষক সহায়িকা অনুসরণে পিরিয়ডভিত্তিক অনুশীলন — শিখে নিই

### পিরিয়ড ৭৮ তখন ছিল .......... আন্দোলন।

**প্রশ্ন ১. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা




**উত্তর :** ছবিতে রাষ্ট্রভাষা বাংলার দাবিতে পোস্টার হাতে শিক্ষার্থীদের প্রতিবাদী স্লোগান করতে দেখা যাচ্ছে।

**প্রশ্ন ২. ২১শে ফেব্রুয়ারি সকালে আমরা কোথায় ফুল দিতে যাই?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ২১শে ফেব্রুয়ারি সকালে আমরা শহিদ মিনারে ফুল দিতে যাই।

**প্রশ্ন ৩. আমরা যে ভাষায় কথা বলি সে ভাষার নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা


**উত্তর :** আমরা যে ভাষায় কথা বলি সে ভাষার নাম বাংলা ভাষা।

**প্রশ্ন ৪. পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম কী?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তানের রাষ্ট্রভাষার নাম উর্দু।

### পিরিয়ড ৭৯ ১৯৫২ ........... বাংলা চাই।

**প্রশ্ন ৫. ছবি দেখে নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা



**প্রশ্ন ক. ছবিতে কী কী দেখতে পাচ্ছ?**

**উত্তর :** ছবিতে দেখতে পাচ্ছি একটি শহিদ মিনার, অনেক নারী-পুরুষ, ফুল ইত্যাদি।

**প্রশ্ন খ. ছবির মানুষজন কী করছে?**

**উত্তর :** ছবির মানুষজন শহিদ মিনারের বেদিতে ফুল দিচ্ছে।

**প্রশ্ন গ. ছবির মিনারটির নাম কী?**

**উত্তর :** ছবির মিনারটির নাম শহিদ মিনার।

### পিরিয়ড ৮০ পাকিস্তান থেকে........... সিদ্ধান্ত নিল।

**প্রশ্ন ৬. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভাষা আন্দোলন করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভাষা আন্দোলন করেছিল।

**প্রশ্ন খ. তারা আগের দিন রাতে কী লিখেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** তারা আগের দিন রাতে পোস্টার লিখেছিল।

**প্রশ্ন গ. সেদিন কত তারিখ ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** সেদিন ২০ শে ফেব্রুয়ারি ছিল।

**প্রশ্ন ঘ. কোন সরকার ভয় পেয়ে গিয়েছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তান সরকার ভয় পেয়ে গিয়েছিল।

**প্রশ্ন ঙ. পাকিস্তান সরকার কী বলেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তান সরকার বলেছিল— বেশি লোক একত্র হওয়া যাবে না।

### পিরিয়ড ৮১ মিছিলের.............. লাল হয়ে গেল।

**প্রশ্ন ৭. নিচের ঘটনায় কয়জন বিশিষ্ট ব্যক্তির নাম আছে তা লেখ।**

**ঘটনা**

মিছিলের প্রথম দলটি ছিল ছাত্রীদের। ছাত্রীদের পরে অন্যরাও দলে দলে এগিয়ে যেতে থাকল। মুষ্টিবদ্ধ হাতে তারা স্লোগান তুলল, রাষ্ট্রভাষা বাংলা চাই। ঠিক তখনি সরকারের নির্দেশে পুলিশ মিছিলে গুলি করল। রাজপথে লুটিয়ে পড়ল বরকত, রফিক, সালাম, জব্বার।

**উত্তর :** উপরের ঘটনায় চারজন বিশিষ্ট ব্যক্তির নাম আছে। যথা— ১. বরকত, ২. রফিক, ৩. সালাম ও ৪. জব্বার।

**প্রশ্ন ৮. কারা কোনো বাধা মানল না?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বাঙালিরা কোনো বাধা মানল না।

**প্রশ্ন ৯. মিছিলের স্লোগানটি কী ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মিছিলের স্লোগানটি ছিল— রাষ্ট্রভাষা বাংলা চাই।

**প্রশ্ন ১০. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. মিছিলের প্রথম দলটি কাদের ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মিছিলের প্রথম দলটি ছিল ছাত্রীদের।

**প্রশ্ন খ. একজন ভাষাশহিদ সম্পর্কে দুটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ভাষাশহিদ বরকত সম্পর্কে দুটি বাক্য—

১। ভাষাশহিদ বরকত ১৯২৭ সালের ১৬ জুন জন্মগ্রহণ করেন।

২। তিনি ১৯৫২ সালে তৎকালীন পূর্ব পাকিস্তানে সৃষ্ট বাংলা ভাষা আন্দোলনে শহিদ হন।

**পিরিয়ড ৮২** এই ঘটনার ......... কয়েকজন।

**প্রশ্ন ১১. নিচের প্রশ্নগুলোর উত্তর দাও।**

**প্রশ্ন ক. কোন দেশের সরকার গুলি চালিয়েছিল?**

**উত্তর :** পাকিস্তান সরকার গুলি চালিয়েছিল।

**প্রশ্ন খ. পুলিশের ভয়ে এদেশের মানুষ কী থেমে গিয়েছিল?**

**উত্তর :** না, পুলিশের ভয়ে এদেশের মানুষ থেমে যায়নি।

**প্রশ্ন গ. ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি কে কে শহিদ হন?**

**উত্তর :** ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি বরকত, রফিক, সালাম, জব্বারসহ নাম না-জানা অনেকে শহিদ হন।

**প্রশ্ন ঘ. চারজন ভাষাশহিদের নাম বল।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** চারজন ভাষাশহিদের নাম– বরকত, রফিক, সালাম, জব্বার।

**প্রশ্ন ১২. খালিঘরে সঠিক শব্দ বসাও।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

ঘটনার ——— সারা দেশের মানুষ ——— ফেটে পড়ে। মিছিলেও ——— আক্রমণ করে। পরের দিনও ——— হন কয়েকজন।

**উত্তর :** ঘটনার **প্রতিবাদে** সারা দেশের মানুষ **ক্ষোভে** ফেটে পড়ে। মিছিলেও **পুলিশ** আক্রমণ করে। পরের দিনও **শহিদ** হন কয়েকজন।

**পিরিয়ড ৮৩** শেষ পর্যন্ত ............ করা হয়।

**প্রশ্ন ১৩. 'রাষ্ট্রভাষা বাংলা চাই' কোন আন্দোলনের স্লোগান ছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** 'রাষ্ট্রভাষা বাংলা চাই' ভাষা আন্দোলনের স্লোগান ছিল।

**প্রশ্ন ১৪. কোন দেশের মানুষ ভাষার জন্য যুদ্ধ করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বাংলাদেশের মানুষ ভাষার জন্য যুদ্ধ করেছিল।

**প্রশ্ন ১৫. প্রাপ্তি, প্রাপ্য শব্দ দুটির প্রমিত উচ্চারণ লেখ।**

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | প্রমিত উচ্চারণ |
|---|---|
| প্রাপ্তি | প্রাপ্‌তি |
| প্রাপ্য | প্রাপ্‌পো |

**প্রশ্ন ১৬. কাদেরকে শহিদ বলা হয়?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** যাঁরা ন্যায়সঙ্গত অধিকার প্রতিষ্ঠার জন্য জীবন দেন তাঁদের শহিদ বলে।

**প্রশ্ন ১৭. একুশে ফেব্রুয়ারি সম্পর্কে দুটি বাক্য লেখ।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ২১শে ফেব্রুয়ারি সম্পর্কে দুটি বাক্য :

ক. প্রতি বছর ২১শে ফেব্রুয়ারি শহিদ দিবস পালন করা হয়।

খ. একুশে ফেব্রুয়ারি 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস'।


## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ — সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### শোনা — শিক্ষকের নিকট শুনে লিখি

**প্রশ্ন ১. নিচের শব্দগুলো দিয়ে অর্থসহ শব্দকার্ড তৈরি কর।** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

বিশ্ববিদ্যালয়, মুষ্টিবন্ধ, আন্তর্জাতিক।

**উত্তর :**




**প্রশ্ন ২. নিচের শব্দগুলো দিয়ে বাক্য রচনা কর।**

বাঙালি, স্লোগান, শহিদ, ভয়, আমল, জড়ো হওয়া, প্রতিবাদ, ঘোষণা। ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

বাঙালি — বাঙালি লড়াই করতে ভয় পায় না।
স্লোগান — আমাদের জাতীয় স্লোগান 'জয় বাংলা'।
শহিদ — ভাষার জন্য অনেকে শহিদ হয়েছেন।
ভয় — ডর, আতঙ্ক।
আমল — সময়, কাল, যুগ, রাজত্বকাল।
জড়ো হওয়া — একত্রিত হওয়া।
প্রতিবাদ — জবাব, আপত্তি জ্ঞাপন, বিরুদ্ধ উক্তি।
ঘোষণা — প্রচার, বিজ্ঞপ্তি, ইশতাহার।

### বলা — শিক্ষকের প্রশ্নের উত্তর বলি

**প্রশ্ন ৩. পাকিস্তান আমলে কারা আমাদের শাসন করত?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** পাকিস্তান আমলে পাকিস্তানিরা আমাদের শাসন করত।

**প্রশ্ন ৪. বাঙালিরা কোন ভাষার জন্য আন্দোলন করেছিল?** ▸ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** বাঙালিরা বাংলা ভাষার জন্য আন্দোলন করেছিল।

**প্রশ্ন ৫. ছাত্র-ছাত্রীরা কবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জড়ো হয়েছিল?**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ছাত্র-ছাত্রীরা ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ে জড়ো হয়েছিল।

**প্রশ্ন ৬. কেন দেশের মানুষ ক্ষোভে ফেটে পড়েছিল?**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** একুশে ফেব্রুয়ারি দিনের ঘটনার প্রতিবাদে দেশের মানুষ ক্ষোভে ফেটে পড়েছিল।

**প্রশ্ন ৭. রাষ্ট্রভাষা সম্পর্কে দুটি বাক্য লেখ।**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক. রাষ্ট্রের সব কাজে যে ভাষা ব্যবহার করা হয় তাই রাষ্ট্রভাষা।

খ. আমাদের রাষ্ট্রভাষা বাংলা।

**প্রশ্ন ৮. দলীয় কাজ : তোমার বিদ্যালয়ে আন্তর্জাতিক মাতৃভাষা দিবসের প্রস্তুতি বিষয়ে দুটি বাক্য লেখ।** ▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ক. ফুল ও রঙিন কাগজ দিয়ে বিদ্যালয়ের মাঠ সাজাব।

খ. ভাষাশহিদদের ছবি সংবলিত পোস্টার এবং বর্ণমালা দিয়ে শহিদ মিনারের বেদি সাজাব।

**প্রশ্ন ৯. 'একুশে ফেব্রুয়ারি' বিষয়ে একটি তথ্যমূলক লেখা তৈরি কর।**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি বাঙালি জাতির জীবনে একটি স্মরণীয় দিন। মাতৃভাষা বাংলাকে রাষ্ট্রভাষা করার দাবিতে ছাত্রসমাজ এই দিনে আন্দোলন শুরু করে। ছাত্রদের মিছিলে পাকিস্তানি সরকার গুলি চালায়। সালাম, বরকত, শফিক, জব্বারসহ অনেকে (যাদের নাম জানা যায়নি) শহিদ হন। বাংলা ভাষার প্রতি মমতা আর শহিদদের প্রতি শ্রদ্ধা প্রকাশ পেয়েছে এখানে।

**প্রশ্ন ১০. আমরা যে ভাষায় কথা বলি সেই ভাষার নাম কী?**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আমরা যে ভাষায় কথা বলি সেই ভাষার নাম বাংলা ভাষা।

**প্রশ্ন ১১. ২১শে ফেব্রুয়ারি আমরা কোন গান গাই?**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** আবদুল গাফ্ফার চৌধুরী রচিত 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি' গানটি ২১শে ফেব্রুয়ারিতে আমরা গাই।

**প্রশ্ন ১২. বাঙালিরা কীসের দাবি জানিয়েছিল?**

**উত্তর :** বাঙালিরা রাষ্ট্রভাষা বাংলা চাই দাবি জানিয়েছিল।

**পড়া** — **নিচের প্রশ্নগুলোর উত্তর দিই**

**প্রশ্ন ১৩. বিরামচিহ্ন বসিয়ে অনুচ্ছেদটি পুনরায় লেখ।**

মিছিলের প্রথম দলটি ছিল ছাত্রীদের ছাত্রীদের পরে অন্যরাও দলে দলে এগিয়ে যেতে থাকল মুষ্টিবদ্ধ হাতে তারা স্লোগান তুলল রাষ্ট্রভাষা বাংলা চাই ঠিক তখনি সরকারের নির্দেশে পুলিশ মিছিলে গুলি করল রাজপথে লুটিয়ে পড়ল বরকত রফিক সালাম জব্বার শহিদ হলো নাম না-জানা আরও অনেকে কালো রাজপথ রক্তে লাল হয়ে গেল

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** মিছিলের প্রথম দলটি ছিল ছাত্রীদের। ছাত্রীদের পরে অন্যরাও দলে দলে এগিয়ে যেতে থাকল। মুষ্টিবদ্ধ হাতে তারা স্লোগান তুলল, রাষ্ট্রভাষা বাংলা চাই। ঠিক তখনি সরকারের নির্দেশে পুলিশ মিছিলে গুলি করল। রাজপথে লুটিয়ে পড়ল বরকত, রফিক, সালাম, জব্বার। শহিদ হলো নাম না-জানা আরও অনেকে। কালো রাজপথ রক্তে লাল হয়ে গেল।

**প্রশ্ন ১৪. নিচের শব্দগুলোর বিপরীত শব্দ লেখ।**

বেশি, রাত, ভয়, বাধ্য, সম্ভব, জীবন, নতুন।

**উত্তর :**

| প্রদত্ত শব্দ | বিপরীত শব্দ |
|---|---|
| বেশি | কম |
| রাত | দিন |
| ভয় | নির্ভয়/সাহস |
| বাধ্য | অবাধ্য |
| সম্ভব | অসম্ভব |
| জীবন | মরণ |
| নতুন | পুরাতন |

**লেখা** — **নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি**

**প্রশ্ন ১৫. কোন বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভাষা-আন্দোলন করেছিলেন?**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :** ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীরা ভাষা-আন্দোলন করেছিলেন।

**প্রশ্ন ১৬. '৫ জুন বিশ্ব পরিবেশ দিবস'— এই স্লোগানে একটি পোস্টার তৈরি কর।**



**প্রশ্ন ১৭. ছবির ব্যক্তিদের সম্পর্কে বাক্য লেখ।**



**উত্তর :** ছবিটি ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারিতে ভাষার জন্য শহিদ হওয়া চারজন ব্যক্তি। তারা হলেন– বরকত, রফিক, সালাম ও জব্বার।

**প্রশ্ন ১৮. সঠিক শব্দ বসিয়ে শূন্যস্থান পূরণ কর।**

পারেনি, উর্দুকে, বাংলাকেও, বাংলা ভাষায়, ন্যায্য।

ক. তখন পাকিস্তানের বেশির ভাগ মানুষ কথা বলত ——।
খ. অথচ তারা —— রাষ্ট্রভাষা করতে চাইল।
গ. বাঙালি তা মেনে নিতে ——।
ঘ. তারা বলল, —— রাষ্ট্রভাষা করতে হবে।
ঙ. পাকিস্তানিরা বাঙালির এই —— দাবি মানল না।

**উত্তর :**

ক. তখন পাকিস্তানের বেশির ভাগ মানুষ কথা বলত বাংলা ভাষায়।
খ. অথচ তারা উর্দুকে রাষ্ট্রভাষা করতে চাইল।
গ. বাঙালি তা মেনে নিতে পারেনি।
ঘ. তারা বলল, বাংলাকেও রাষ্ট্রভাষা করতে হবে।
ঙ. পাকিস্তানিরা বাঙালির এই ন্যায্য দাবি মানল না।

**প্রশ্ন ১৯. বাম পাশের শব্দগুলোর সাথে ডান পাশের শব্দগুলো মিল করে লেখ।**

| বাম পাশ | ডান পাশ |
|---|---|
| ক. তারা উর্দুকে রাষ্ট্রভাষা | করার সিদ্ধান্ত নিল। |
| খ. পোস্টারে লিখেছিল | স্লোগান তুলল। |
| গ. ছাত্রছাত্রীরা মিছিল | আন্তর্জাতিক মাতৃভাষা দিবস। |
| ঘ. মুষ্টিবদ্ধ হাতে তারা | অ আ ক খ। |
| ঙ. ২১শে ফেব্রুয়ারি | করতে চাইল। |

**উত্তর :**

ক. তারা উর্দুকে রাষ্ট্রভাষা **করতে চাইল।**
খ. পোস্টারে লিখেছিল **অ আ ক খ।**
গ. ছাত্র-ছাত্রীরা মিছিল **করার সিদ্ধান্ত নিল।**
ঘ. মুষ্টিবদ্ধ হাতে তারা **স্লোগান তুলল।**
ঙ. ২১শে ফেব্রুয়ারি **আন্তর্জাতিক মাতৃভাষা দিবস।**

**প্রশ্ন ২০. পাঠ থেকে ফলাচিহ্নযুক্ত শব্দ খুঁজে বের করে লেখ।**

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

| ফলাচিহ্নযুক্ত শব্দ | ফলার নাম |
|---|---|
| রাষ্ট্রভাষা | |
| বিশ্ববিদ্যালয় | |
| একত্র | |
| আক্রমণ | |
| ফেব্রুয়ারি | |

**উত্তর :**

| ফলাচিহ্নযুক্ত শব্দ | ফলার নাম |
|---|---|
| রাষ্ট্রভাষা | র (্র) ফলা |
| বিশ্ববিদ্যালয় | (ব) ফলা, য (্য) ফলা |
| একত্র | র (্র) ফলা |
| আক্রমণ | র (্র) ফলা |
| ফেব্রুয়ারি | র (্র) ফলা |

**প্রশ্ন ২১. নিচের শব্দগুলোর যুক্তবর্ণ বিভাজন করে লেখ।**

সিদ্ধান্ত, কিন্তু, জব্বার, রাষ্ট্র, ক্ষোভ, রক্ত, বিশ্ব, মুষ্টিবদ্ধ।

▶ সূত্র : শিক্ষক সহায়িকা

**উত্তর :**

| | | | |
|---|---|---|---|
| সিদ্ধান্ত | দ্ধ | দ + ধ | বদ্ধ, রুদ্ধ |
| কিন্তু | ন্ত | ন + ত | শান্ত, দুরন্ত |
| জব্বার | ব্ব | ব + ব | আব্বা |
| রাষ্ট্র | ষ্ট্র | ষ + ট + ্র (র-ফলা) | উষ্ট্র |
| ক্ষোভ | ক্ষ | ক + ষ | পক্ষ, বৃক্ষ |
| রক্ত | ক্ত | ক + ত | শক্তি, মুক্ত |
| বিশ্ব | শ্ব | শ + ব | বিশ্বাস, অশ্ব |
| মুষ্টিবদ্ধ | ষ্ট | ষ + ট | চেষ্টা, তুষ্ট |

**প্রশ্ন ২২. এক কথায় প্রকাশ কর।**

বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি, দাবি আদায়ের জন্য উঁচু গলায় আওয়াজ, একত্র অবস্থান, দেশ পরিচালনা করা।

**উত্তর :**

ক. বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি — পোস্টার।
খ. দাবি আদায়ের জন্য উঁচু গলায় আওয়াজ — স্লোগান।
গ. একত্র অবস্থান — সমাবেশ।
ঘ. দেশ পরিচালনা করা — শাসন।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/অভিভাবকগণ নিচের **'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক'** ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক (✓) চিহ্ন প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| শিখনযোগ্যতা/ পারদর্শিতার সূচক | সাহায্য প্রয়োজন | ভালো | উত্তম |
|---|---|---|---|
| র-ফলা ও যুক্তবর্ণের শব্দ সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে তথ্য বিনিময় করতে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে প্রশ্নের উত্তর ও শ্রুতলিপি লিখতে পেরেছে। | | | |
| য-ফলা ও যুক্তবর্ণের শব্দ দিয়ে সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |
| পাঠের অংশ থেকে প্রশ্নের উত্তর ও যুক্তবর্ণের ব্যবহার লিখতে পেরেছে। | | | |
| প্রাসঙ্গিক তথ্য তৈরি করতে পেরেছে। | | | |
| ম্ব ও ন্ত যুক্তবর্ণের শব্দ সঠিক উচ্চারণে পড়তে পেরেছে। | | | |

## ধারাবাহিক/শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :..............

শিক্ষার্থীর নাম :.................................................. শ্রেণি :.................................. রোল নম্বর : ☐

**১। নিচের শব্দগুলোর অর্থ লেখ।**
শাসন, ক্ষোভ, পোস্টার, স্লোগান, রাজপথ, একত্র, মিছিল, সমাবেশ, আক্রমণ।

**২। ছবির ব্যক্তিদের সম্পর্কে বাক্য লেখ।**



**৩। নিচের প্রশ্নগুলোর উত্তর লেখ।**
ক. রাষ্ট্রভাষা উর্দু করতে চাইল কারা?
খ. রাষ্ট্রভাষা বাংলার দাবি কারা করেছিল?
গ. পোস্টারে কী লেখা ছিল?
ঘ. বাঙালিরা কোন ভাষার জন্য আন্দোলন করেছিল?
ঙ. ছাত্র-ছাত্রীরা কবে ঢাকা বিশ্ববিদ্যালয়ে জড়ো হয়েছিল?

### উত্তরমালা

১ ▶
শাসন — দেশ পরিচালনা।
ক্ষোভ — অসন্তোষ।
পোস্টার — বড়ো কাগজে লেখা বিজ্ঞপ্তি।
স্লোগান — দাবি আদায়ের জন্য উঁচু গলায় আওয়াজ।
রাজপথ — বড়ো রাস্তা।
একত্র — একসাথে।
মিছিল — শোভাযাত্রা।
সমাবেশ — একত্র অবস্থান।
আক্রমণ — হামলা।

২ ▶ ছবিটি ১৯৫২ সালের ২১শে ফেব্রুয়ারিতে ভাষার জন্য শহিদ হওয়া চারজন ব্যক্তি। তারা হলেন— বরকত, রফিক, সালাম ও জব্বার।

৩ ▶ ক. পাকিস্তানি শাসকরা রাষ্ট্রভাষা উর্দু করতে চাইল।
খ. বাঙালিরাই রাষ্ট্রভাষা বাংলার দাবি করেছিল।
গ. পোস্টারে লেখা ছিল— অ আ ক খ, রাষ্ট্রভাষা বাংলা চাই।
ঘ. বাঙালিরা বাংলা ভাষার জন্য আন্দোলন করেছিল।
ঙ. ছাত্র-ছাত্রীরা ১৯৫২ সালের একুশে ফেব্রুয়ারি ঢাকা বিশ্ববিদ্যালয়ে জড়ো হয়েছিল।

মূল্যায়ন রিপোর্ট : শিখনের অর্জিত মাত্রা ☐